



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-১৩)

৩৭/৩/এ, ইফটন গার্ডেন রোড

ঢাকা-১০০০।

নং-পসব্য/প্রকা/পরি-১/২০১৯-২০/১৮০১

তারিখঃ ১৫/০১/২০২০খ্রি.


বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে পল্লী সঞ্চয় ব্যাংকের ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিস ‘পল্লীলেনদেন’ সদয় উদ্বোধন সম্পর্কিত।

মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগ আমার বাড়ি আমার খামার প্রকল্পের প্রাতিষ্ঠানিক রূপ পল্লী সঞ্চয় ব্যাংক। আমার বাড়ি আমার খামার প্রকল্পের আওতায় ৩০ জুন ২০১৬ পর্যন্ত সময়ে গঠিত সকল গ্রাম উন্নয়ন সমিতি এবং উহার তহবিল নিয়ে পল্লী সঞ্চয় ব্যাংক কাজ করছে। প্রকল্প সমাপ্তির পরে সকল সমিতির কার্যক্রম পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তরিত হবে। ইতোমধ্যে দেশের ৪৮৫টি উপজেলায় ব্যাংকের শাখা খোলা হয়েছে। প্রত্যন্ত পল্লী এলাকায় বসবাসরত আমার বাড়ি আমার খামার সমিতির সদস্যদের আর্থিক সেবা তাঁদের দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে পল্লী সঞ্চয় ব্যাংক মোবাইল এ্যাপস ভিত্তিক ডিজিটাল ফিন্যান্সিয়াল সেবা “পল্লীলেনদেন” চালু করেছে। ইতোমধ্যে সেবাটি সারাদেশে সফলভাবে পাইলটিং করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী সেবাটি গণভবন থেকে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে শুভ উদ্বোধনে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উদ্বোধনের সম্ভাব্য তারিখ ২৬/০১/২০২০ খ্রি:। যা নিশ্চিত হলে যথাসময়ে অবহিত করা হবে।

মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে “পল্লীলেনদেন” উদ্বোধনের সময় ৮ বিভাগের ৮টি গ্রাম উন্নয়ন সমিতির সদস্যদের সাথে মতবিনিময় করবেন। ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ৮টি বিভাগের নিম্নোক্ত গ্রাম উন্নয়ন সমিতিগুলি ভিডিও কনফারেন্সের জন্য প্রাথমিকভাবে চিহ্নিত করেছে এবং সংশ্লিষ্ট লেনদেন ম্যানেজারদের প্রশিক্ষণ প্রদান করেছে। ভিডিও কনফারেন্সকালে এসকল সমিতির সদস্যদের নিয়ে সংশ্লিষ্ট উপজেলা অথবা জেলার সুবিধাজনক স্থানে (যেখানে ভিডিও কনফারেন্স লিংক স্থাপন করা সম্ভব) সমিতির উঠান বৈঠকের আয়োজন করতে হবে।

ক্রঃনং	বিভাগ	জেলা	উপজেলা	সমিতির নাম	লেনদেন ম্যানেজার এর নাম
১)	ঢাকা	গোপালগঞ্জ	টুঙ্গীপাড়া	দাড়িয়ারকুল আমার বাড়ি আমার খামার গ্রাম উন্নয়ন সমিতি	নরেন দাস, তৃপ্তি রায়
২)	চট্টগ্রাম	কুমিল্লা	সদর দক্ষিন	লোলবাড়িয়া আমার বাড়ি আমার খামার গ্রাম উন্নয়ন সমিতি	মোঃ সোহেল
				পরানপুর আমার বাড়ি আমার খামার গ্রাম উন্নয়ন সমিতি	আব্দুল মমিন
৩)	খুলনা	বিনাইদহ	কালীগঞ্জ	দয়াপুর আমার বাড়ি আমার খামার গ্রাম উন্নয়ন সমিতি	মোছাঃ জুলেখা খাতুন
				তিল্লা আমার বাড়ি আমার খামার গ্রাম উন্নয়ন সমিতি	মোঃ লিয়াকত আলী
৪)	রাজশাহী	নাটোর	সিংড়া	ডাঙ্গাপাড়া আমার বাড়ি আমার খামার গ্রাম উন্নয়ন সমিতি	মোঃ আবদুল মান্নান
				বড়বাড়িগ্রাম আমার বাড়ি আমার খামার গ্রাম উন্নয়ন সমিতি	মোছাঃ তাহমিনা বেগম
৫)	রংপুর	দিনাজপুর	সদর উপজেলা	করিমুল্লাপুর আমার বাড়ি আমার খামার গ্রাম উন্নয়ন সমিতি	মোঃ মোখলেছার রহমান
				নশিপুর আমার বাড়ি আমার খামার গ্রাম উন্নয়ন সমিতি	মোছাঃ আছমা খাতুন
৬)	সিলেট	সিলেট	সদর উপজেলা	শেখপাড়া আমার বাড়ি আমার খামার গ্রাম উন্নয়ন সমিতি	ফারুক আহমেদ
				মীরাপাড়া আমার বাড়ি আমার খামার গ্রাম উন্নয়ন সমিতি	মোছাঃ আমিনা খাতুন
৭)	ময়মনসিংহ	জামালপুর	মেলান্দহ	সমিতিওয়া আমার বাড়ি আমার খামার গ্রাম উন্নয়ন সমিতি	মোঃ আমিনুর
				দুরমুঠ আমার বাড়ি আমার খামার গ্রাম উন্নয়ন সমিতি	মোঃ সামিউল ইসলাম
৮)	বরিশাল	পিরোজপুর	নাজিরপুর	বাঘাজোড়া আমার বাড়ি আমার খামার গ্রাম উন্নয়ন সমিতি	সুখী খানম
				কালিকাঠী আমার বাড়ি আমার খামার গ্রাম উন্নয়ন সমিতি	বিজন হালদার

এমতাবস্থায় আগামী ২৬/০১/২০২০খ্রি: তারিখ (অথবা পরবর্তীতে) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পল্লী সঞ্চয় ব্যাংকের ডিজিটাল ফিন্যান্সিয়াল সেবা ‘পল্লীলেনদেন’ উদ্বোধনকালে উপযুক্ত স্থানে সংশ্লিষ্ট গ্রাম উন্নয়ন সমিতির উঠান বৈঠক এবং ভিডিও কনফারেন্সের আয়োজন করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এ বিষয়ে যাবতীয় খরচ পল্লী সঞ্চয় ব্যাংক বহন করবে।


১৫.১.২০২০
(আকবর হোসেন)

ব্যবস্থাপনা পরিচালক (অতি: সচিব)

ফোন: ০২-৯৩৬২৭১২ ফ্যাক্স: ০২-৯৩৪৮২০৬

জেলা প্রশাসক

-----জেলা

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. বিভাগীয় কমিশনার, -----বিভাগ;
২. উপজেলা নির্বাহী অফিসার, -----উপজেলা, -----জেলা;
৩. শাখা ব্যবস্থাপক, -----উপজেলা শাখা, -----জেলা;
৪. অফিস নথি।